



শিবির নেতা হত্যার ঘটনায় নিন্দা, জড়িতদের গ্রেপ্তারের দাবি জামায়াতের



ছবি: সংগৃহীত

গাইবান্ধার সাঘাটা উপজেলার বোনারপাড়া ইউনিয়ন ছাত্রশিবিরের সভাপতি সাইফুল্লাহ বারী নিহত হওয়ার ঘটনায় গভীর উদ্বেগ ও নিন্দা জানিয়েছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। রোববার (২১ জুন) রাতে দলটির সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার এক বিবৃতিতে এ প্রতিক্রিয়া জানান। বিবৃতিতে তিনি অভিযোগ করেন, বোনারপাড়া এলাকায় সংঘটিত হামলায় সাইফুল্লাহ বারী নিহত হয়েছেন এবং এ ঘটনায় জড়িতদের দ্রুত আইনের আওতায় আনার দাবি জানান। একই সঙ্গে ঘটনার সুষ্ঠু তদন্ত ও দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করার আহ্বান জানান তিনি।

মিয়া গোলাম পরওয়ার বলেন, একটি শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা কমিটি গঠনকে কেন্দ্র করে সৃষ্ট বিরোধের জেরে এ ঘটনা ঘটেছে বলে জানা গেছে। প্রকাশ্য স্থানে সংঘটিত এ ধরনের সহিংসতা উদ্বেগজনক উল্লেখ করে তিনি বলেন, কোনো রাজনৈতিক বা অন্য কোনো প্রভাব যেন তদন্ত কার্যক্রমকে বাধাগ্রস্ত করতে না পারে, তা নিশ্চিত করতে হবে।

বিবৃতিতে হামলায় আহত সাইফুল্লাহর বন্ধু সালাউদ্দিনের দ্রুত সুস্থতা কামনা করা হয়। পাশাপাশি নিহত সাইফুল্লাহ বারীর পরিবারের প্রতি সমবেদনা জানিয়ে তার আত্মার মাগফিরাত কামনা করেন জামায়াতের সেক্রেটারি জেনারেল।